DCS Newsletter

# নিউজলেটার

বর্ষ ০২, সংখ্যা ০৫ | মে ২০২৫

## গণ সংযোগ পক্ষ ২০২৫








**বাংলাদেশ জামায়াতে ইসলামী**
**ঢাকা মহানগরী দক্ষিণ**

Web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277



# ৩২ শহীদ পরিবারের সাথে
## আমীরে জামায়াতের ঈদ উদযাপন

### ১ এপ্রিল ২০২৫



ঈদুল ফিতরের দিন সকাল ৭.০০ টায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে ঈদের নামাজ শেষে মুহতারাম আমীরে জামায়াত ৩২ টি শহীদ পরিবারের সদস্যদের সাথে ঈদ উদযাপন করেন। ঈদের নামাজ শেষে প্রথমে তিনি বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণ অফিসে আসেন। সেখানে উপস্থিত নেতৃবৃন্দ, জনশক্তি ও জনসাধারণের সাথে শুভেচ্ছা বিনিময় শেষে রমনায় শহীদ ফারহান ফাইয়াজের পরিবারে যান। পরিবারের লোকজনের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।

পরে ২০০৬ সালের ২৮ অক্টোবর ফ্যাসিস্ট আওয়ামী লীগের লগি-বইঠা দিয়ে নৃশংস হামলায় শাহাদাত বরণকারী সবুজবাগের হাফেজ গোলাম কিবরিয়া শিপন ও শহীদ সাইফুল্লাহ মোহাম্মদ মাসুমের পরিবারে যান আমীরে জামায়াত। সেখান থেকে গেন্ডারিয়ায় শহীদ শাহরিয়ার খান আনাস, শহীদ জুনায়েদ, শহীদ ইসমাইল হোসেন রাব্বির বাসায় গিয়ে খোঁজ খবর নেন ও ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।



ঢাকা -৬ আসনের থানা দায়িত্বশীল ও কাউন্সিলর প্রার্থীদের সাথে
মহানগর আমীর নূরুল ইসলাম বুলবুলের ঈদ শুভেচ্ছা বিনিময়

৪ এপ্রিল ২০২৫



ঢাকা-১০ আসনের নেতৃবৃন্দের সাথে ঈদ পরবর্তী মতবিনিময় সভা








## আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে
# জামায়াতে ইসলামীর অটোরিকশা বিতরণ

**৫ এপ্রিল ২০২৫**

**জামায়াতে ইসলামী রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেলে দেশের প্রতিটি মানুষকে স্বাবলম্বী করে তোলা হবে – মো. নূরুল ইসলাম বুলবুল**

মাতুয়াইল তা'মীরুল মিল্লাত মহিলা কামিল মাদ্রাসা সংলগ্ন মাঠে দারিদ্র্যতা বিমোচনে বেকারত্ব দূরীকরণে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামী যাত্রাবাড়ী পূর্ব থানার উদ্যোগে অটোরিকশা উপহার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি আরো বলেন, রাষ্ট্রীয় জুলুম-নির্যাতনের সময়ও জামায়াতে ইসলামী সমাজ সেবা বন্ধ রাখেনি।

**জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের বিভিন্ন থানায়**

# ঈদ পুনর্মিলনী ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

**৬ এপ্রিল ২০২৫**




লালবাগ থানা

বাংলাদেশ জামায়াতে ইসলামী লালবাগ থানা আয়োজিত ঈদ পুনর্মিলনী ও মতবিনিময় সভা ০৫ এপ্রিল অনুষ্ঠিত হয়েছে। লালবাগ পূর্ব থানা আমীর ড. শামীমুল বারী'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুল।




রমনা থানা




শ্যামপুর-কদমতলী জোন









**গাজায় ইসরায়েলি নৃশংস গণহত্যা ও বর্বরোচিত হামলার প্রতিবাদে**
**বায়তুল মোকাররমের উত্তর গেইটে বিক্ষোভ মিছিল ও সমাবেশ**

**৭ এপ্রিল ২০২৫**

## ইসরায়েলের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন না করলে বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় জাতিসংঘের পরিবর্তে নতুন সংঘ গঠিত হতে পারে – মো. নূরুল ইসলাম বুলবুল

০৭ এপ্রিল ‘গাজায় ইসরায়েলি নৃশংস গণহত্যা ও বর্বরোচিত হামলার প্রতিবাদে জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের উত্তর গেইটে জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণ আয়োজিত বিক্ষোভ মিছিল পূর্বক সমাবেশে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি আরো বলেন, মানবতাবিরোধী নেতানিয়াহু মধ্যপ্রাচ্যের বিষফোঁড়া। নেতানিয়াহুর নির্দেশে ফিলিস্তিনের অগণিত বেসামরিক নাগরিকদের হত্যা করা সত্ত্বেও জাতিসংঘ চুপ করে বসে রয়েছে। অনতিবিলম্বে জাতিসংঘ কর্তৃক ইসরায়েলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

# জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের বিভিন্ন থানার গণসংযোগ পক্ষের কর্মসূচী

## ১১-১৮ এপ্রিল ২০২৫




খিলগাঁও পশ্চিম থানা



সবুজবাগ- মুগদা জোন




সূত্রাপুর থানা



শান্তিনগর



ডেমরা থানা



শ্যামপুর দক্ষিণ থানা

# জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের বিভিন্ন থানার গণসংযোগ পক্ষের কর্মসূচী

## ১১-১৮ এপ্রিল ২০২৫




খিলগাঁও পশ্চিম থানা

বাংলাদেশ জামায়াতে ইসলামীর খিলগাঁও পশ্চিম থানার উদ্যোগে এবং ১ নং পূর্ব ওয়ার্ডের তত্ত্বাবধানে খিলগাঁও ঈদগাহ জামে মসজিদ সম্মুখে গণসংযোগ পক্ষ উপলক্ষে দাওয়াতি স্টল স্থাপন ও দাওয়াতি অভিযান অনুষ্ঠিত হয়।



মতিঝিল উত্তর থানা




রমনা থানা




পল্টন থানা

## মার্চ ফর গাজা কর্মসূচিতে জামায়াত নেতৃবৃন্দের যোগদান

# ১২ এপ্রিল ২০২৫

### জেরুজালেমের উপর আঘাত মুসলিম উম্মাহ সহ্য করতে পারে না - অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার










ফিলিস্তিনের জেরুজালেমের উপর আঘাত মুসলিম উম্মাহ সহ্য করতে পারে না উল্লেখ করে বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল, সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেন, মুসলমানদের প্রথম কিবলা আল-আকসা, জেরুজালেমে লক্ষ-লক্ষ নবী-রাসূলের স্মৃতিবিজড়িত। এই স্মৃতি মুছে দিয়ে ইহুদিরা ফিলিস্তিন দখল করতে যাচ্ছে। অথচ ফিলিস্তিনের দয়ায় ইসরায়েল সৃষ্টি হয়েছে। ১২ এপ্রিল 'মার্চ ফর গাজা' কর্মসূচিতে জামায়াতে ইসলামীর যোগদান পূর্বক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এ সময় তিনি আরও বলেন, জাতিসংঘের সমস্ত বিধান উপেক্ষা করে আমেরিকার মদদে ইসরায়েল ফিলিস্তিনে বর্বরোচিত হামলা চালাচ্ছে। জাতিসংঘের দায়িত্বপ্রাপ্তদের উদ্দেশে তিনি বলেন, যদি জাতিসংঘের বিধান বাস্তবায়ন করতে না পারেন, তবে স্বেচ্ছায় পদত্যাগ করুন।

## একুশে টিভির রজতজয়ন্তীতে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াত নেতৃবৃন্দের শুভেচ্ছা

**১৪ এপ্রিল ২০২৫**



১৪ এপ্রিল বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুলের নেতৃত্বে জামায়াত নেতৃবৃন্দ একুশে টিভি কার্যালয়ে যান। এসময় একুশে টিভির চেয়ারম্যান আবদুস সালামের হাতে জননেতা নূরুল ইসলাম বুলবুল ফুলের তোড়া ও শুভেচ্ছা ক্রেস্ট তুলে দেন।







# অগ্রসর কর্মীদের দাওয়াতি কাজের গুরুত্ব বিষয়ক কর্মশালা

১৮ এপ্রিল ২০২৫





## বাংলাদেশ জামায়াতে ইসলামী ডেমরা দক্ষিণ থানা কর্তৃক প্রীতি সমাবেশ আয়োজিত

আমরা কারোর দাদাগিরি পছন্দ করি না।
- নুরুল ইসলাম বুলবুল

বাংলাদেশ জামায়াতে ইসলামী ডেমরা দক্ষিণ থানা কর্তৃক আয়োজিত প্রীতি সমাবেশ শুক্রবার ১৮ এপ্রিল অনুষ্ঠিত হয়েছে। থানা আমীর মির্জা হেলালের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর জননেতা মো. নূরুল ইসলাম বুলবুল।

## বিশিষ্ট ব্যক্তি ও বাড়িওয়ালাদের সম্মানে
## ডেমরা দক্ষিণ থানার প্রীতি সমাবেশ

**১৯ এপ্রিল ২০২৫**







বাংলাদেশ জামায়াতে ইসলামীর ডেমরা দক্ষিণ থানার উদ্যোগে দাওয়াতি পক্ষ উপলক্ষে বিশিষ্ট ব্যক্তি ও বাড়িওয়ালাদের সম্মানে এক প্রীতি সমাবেশের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগর দক্ষিণের সংগ্রামী আমীর জননেতা জনাব নুরুল ইসলাম বুলবুল।

# জুলাই-আগস্ট শহীদ পরিবারের মাঝে জামায়াতের নগদ অর্থ সহায়তা প্রদান

১৯ এপ্রিল ২০২৫

## নির্বাচনের আগে গণহত্যার বিচার শহীদ পরিবারের দাবি - মো. নূরুল ইসলাম বুলবুল










১৯ এপ্রিল জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণ কর্তৃক বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে শহীদ পরিবারের সদস্যদের মাঝে আর্থিক সহায়তা প্রদানপূর্বক সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি আরও বলেন, আওয়ামী লীগ যত নিপীড়ন চালিয়েছে, জনগণ ততই প্রতিবাদী আর বিক্ষুব্ধ হয়েছে। রাষ্ট্রীয় শক্তিকে ব্যবহার করে জনগণের উপর গণহত্যা চালিয়েছে আওয়ামী লীগ।সভা শেষে ২১টি শহীদ পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান করা হয়। এর মধ্যে ১৫টি পরিবারকে দ্বিতীয় কিস্তির ১ লাখ টাকা করে এবং নতুন ৬টি শহীদ পরিবারকে নগদ ২ লাখ টাকা করে অনুদান তুলে দেওয়া হয়।

# রাজধানীর যাত্রাবাড়ী–শ্যামপুর এলাকায় গণসংযোগ ও সংক্ষিপ্ত পথসভা অনুষ্ঠিত

২০ এপ্রিল ২০২৫

## গণহত্যার বিচার, রাষ্ট্রের মৌলিক সংস্কার শেষে সুষ্ঠু নির্বাচনের দাবি পূরণে কাজ করছে জামায়াতে ইসলামী - ড. শফিকুল ইসলাম মাসুদ







গণহত্যার বিচার, রাষ্ট্রের মৌলিক সংস্কার শেষে সুষ্ঠু নির্বাচনের দাবি পূরণে কাজ করছে জামায়াতে ইসলামী উল্লেখ করে দলের কেন্দ্রীয় কর্মপরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারী ড. শফিকুল ইসলাম মাসুদ বলেন, ফ্যাসিস্টদের বিচার নিশ্চিত না করে নির্বাচন চায় না জনগণ। যেটা জনগণ চায় না, সেটা জামায়াতে ইসলামীও চায় না।

# জামায়াতে ইসলামীতে স্বতঃস্ফূর্ত যোগদানে নারী-পুরুষের উপচে পড়া ভিড়

## গণসংযোগ কর্মসূচী, রমনা থানা

**২১ এপ্রিল ২০২৫**







বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্র ঘোষিত গণসংযোগ পক্ষের দাওয়াতী অভিযানের ১১তম দিনে রাজধানীর রমনায় জামায়াতে ইসলামীতে স্বতঃস্ফূর্ত যোগদানে নারী-পুরুষের উপচে পড়া ভিড় দেখা যায়। সোমবার বিকেলে দাওয়াতী অভিযানকালে উন্মুক্ত বুথে সহযোগী সদস্য ফরম পূরণে নারী-পুরুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে দীর্ঘ লাইন পরিলক্ষিত হয়। এ সময় রমনা থানা জামায়াতে ইসলামীর দায়িত্বশীল নেতৃবৃন্দ ফরম পূরণে আগ্রহীদের সহযোগিতা করেন।

# ভিন্ন ধর্মাবলম্বীদের সাথে জামায়াতে ইসলামী
# ঢাকা মহানগরী দক্ষিণ আয়োজিত প্রীতি সমাবেশ

**২৩ এপ্রিল ২০২৫**

## সুযোগ পেলে সকল ধর্মের মানুষের ন্যায্য সব দাবি পূরণ করবে জামায়াতে ইসলামী - ডা. শফিকুর রহমান










২৩ এপ্রিল ভিন্ন ধর্মাবলম্বীদের সাথে জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণ আয়োজিত প্রীতি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি আরো বলেন, বাংলাদেশের সব ধর্মের মানুষ মিলে একটি ফুলের বাগান। এই ফুলের বাগানে আর কোন হুতুম পেঁচা ঢুকতে দেওয়া হবে না। সম্প্রাদায়িক সম্প্রীতি বজায় রেখে এই জাতিকে বিশ্বের কাছে অনুসরণীয় জাতি হিসেবে গড়ে তোলার ঘোষণা দিয়ে আমীরে জামায়াত বলেন, বিশ্বের সব কিছু অনুসরণ নয় আমাদেরকেও বিশ্ব অনুসরণ করবে আমরা এমন কাজ করতে পারি।

# রাজধানীর কোতোয়ালী থানা এলাকায় দাওয়াতী অভিযান

২৩ এপ্রিল ২০২৫

জামায়াতে ইসলামী রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেলে যাকাতভিত্তিক অর্থনীতির মাধ্যমে দারিদ্র্য বিমোচন করা হবে - ড. আব্দুল মান্নান








# ধানমন্ডি থানা জামায়াতের উদ্যোগে ফ্রি হেলথ স্ক্রিনিং, সাধারণ সভা ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত

**২২-২৪ এপ্রিল ২০২৫**













বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্র ঘোষিত দাওয়াতি পক্ষ উপলক্ষ্যে স্থানীয়দের প্রাইমারি স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে ৩ দিন ব্যাপী ফ্রি হেলথ স্ক্রিনিং প্রোগ্রামের শেষ দিনে সাধারণ সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। ২৪ এপ্রিল জামায়াতে ইসলামীর ধানমন্ডি থানা শাখার উদ্যোগে ধানমন্ডির রবীন্দ্র সরোবরে এ সাধারণ সভা ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়।

হজ্জ গমনেচ্ছুকদের নিয়ে হজ্জ গাইডলাইন

# কর্মশালা ও দোয়া অনুষ্ঠিত

২৪ এপ্রিল ২০২৫














## জামায়াতে ইসলামী খিলগাঁও পশ্চিম থানায়
## গণসংযোগ পক্ষের দাওয়াতী অভিযান ও পথসভা

২৫ এপ্রিল ২০২৫






# জনদুর্ভোগ লাঘবে আগে স্থানীয় সরকার নির্বাচন দিতে হবে
# - মো. নূরুল ইসলাম বুলবুল

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুল বলেছেন, জনদুর্ভোগ লাঘবে জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচন দিতে হবে।

# হাজারীবাগ উত্তর থানা জামায়াতে ইসলামীর উদ্যোগে বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে আলোচনা সভা

**২৫ এপ্রিল ২০২৫**









২৫ এপ্রিল হাজারীবাগ উত্তর থানা জামায়াতে ইসলামী আয়োজিত বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি আরো বলেন, যারা নির্বাচনের আগে ইসলামকে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করে তারাই ধর্ম নিয়ে রাজনীতি করে, তারাই ধর্ম ব্যবসায়ী। জামায়াতে ইসলামী ধর্ম নিয়ে রাজনীতি করে না; জামায়াতে ইসলামী, ইসলামী সমাজ প্রতিষ্ঠার রাজনীতি করে। যেই সমাজ প্রতিষ্ঠার মাধ্যমে সোনার মদিনা গঠিত হয়েছে। সেই সমাজ প্রতিষ্ঠা করতে জামায়াতে ইসলামী লড়াই করছে।

## ঐক্যমত কমিশনের আহ্বানে জামায়াত নেতৃবৃন্দের দ্বিতীয় বৈঠক অনুষ্ঠিত

২৬ এপ্রিল ২০২৫





ঐক্যমত কমিশনের আহ্বানে বাংলাদেশ জামায়াতে ইসলামীর এক প্রতিনিধি দল দ্বিতীয় দফায় বৈঠকে বসেছেন। ২৬ এপ্রিল সকালে ঐক্যমত কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রীয়াজের সভাপতিত্বে সংসদ ভবনের এলডি হলে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমীর সাবেক এমপি ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহেরের নেতৃত্বে জামায়াতে ইসলামীর প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন সেক্রেটারী জেনারেল সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার, সহকারী সেক্রেটারী জেনারেল সাবেক এমপি এইচ.এম হামিদুর রহমান আজাদ, সহকারী সেক্রেটারী জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান, সহকারী সেক্রেটারী জেনারেল এডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের, কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য, প্রচার ও মিডিয়া সম্পাদক এডভোকেট মতিউর রহমান আকন্দ, কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য সাইফুল ইসলাম খান মিলন, কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুল, আইনজীবী শিশির মোহাম্মদ মনির।

২৬ এপ্রিল ২০২৫

## শাহজাহানপুর পূর্ব থানার ১১ পশ্চিম ওয়ার্ডের উদ্যোগে পেশাজীবি সমাবেশ অনুষ্ঠিত





## কদমতলী মধ্য থানা জামায়াতে ইসলামী আয়োজিত
## ভিন্ন ধর্মাবলম্বীদের সাথে প্রীতি সমাবেশ অনুষ্ঠিত

**২৬ এপ্রিল ২০২৫**

আওয়ামী লীগ পরিকল্পিতভাবে পূজা মন্ডপ ভেঙ্গে জামায়াতের বিরুদ্ধে অপপ্রচার চালিয়েছে - মো. নূরুল ইসলাম বুলবুল








**২৭ এপ্রিল ২০২৫**

## শাহজাহানপুর পূর্ব থানা জামায়াতে ইসলামীর উদ্যোগে
## ভিন্ন ধর্মাবলম্বী প্রীতি সমাবেশ অনুষ্ঠিত











অতীতে নির্বাচনের মাধ্যমে কেবল ক্ষমতার পালাবদল হয়েছে, মানুষের অধিকার প্রতিষ্ঠা হয়নি
- মো. নূরুল ইসলাম বুলবুল

২৭ এপ্রিল শাহজাহানপুর পূর্ব থানা জামায়াতে ইসলামী আয়োজিত ভিন্ন ধর্মাবলম্বী প্রীতি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

## কেন্দ্র ঘোষিত গণসংযোগ পক্ষের সমাপনী দিনে
## মতিঝিল শাপলা চত্বরে দাওয়াতী অভিযান ও পথসভা

**৩০ এপ্রিল ২০২৫**









# নিউজলেটার

বর্ষ ০২, সংখ্যা ০৫ | মে ২০২৫

প্রকাশনায়

## বাংলাদেশ জামায়াতে ইসলামী
## ঢাকা মহানগরী দক্ষিণ

Web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277